# 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি'

(নবম-দশম শ্রেণি)

সংস্করণ: ২০২০; শিক্ষাবর্ষ: ২০২১

## নবম-দশম শ্রেণির বোর্ড ব্যাকরণের সকল অধ্যায়ের অনুশীলনীর প্রশ্নোত্তর

### পরিচ্ছেদ-১: ভাষা ও বাংলা ভাষা
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-০২)

০১. বর্ণের সঙ্গে কোন ইন্দ্রিয়ের সরাসরি সম্পর্ক আছে?
ক. চোখ খ. কান
গ. নাক ঘ. জিভ উত্তর:ঘ

০২. ব্রেইল ভাষা ব্যবহার করে-
ক. শ্রবণ প্রতিবন্ধীরা খ. দৃষ্টি প্রতিবন্ধীরা
গ. মানসিক প্রতিবন্ধীরা ঘ. শারীরিক প্রতিবন্ধীরা উত্তর:খ

০৩. বাংলা ভাষায় কথা বলে প্রায়-
ক. ১৫ কোটি লোক খ. ২০ কোটি লোক
গ. ২৫ কোটি লোক ঘ. ৩০ কোটি লোক উত্তর:ঘ

০৪. মাতৃভাষী জনসংখ্যার দিক দিয়ে বাংলা পৃথিবীর কততম ভাষা?
ক. ৪র্থ খ. ৫ম
গ. ৬ষ্ঠ ঘ. ৭ম উত্তর:গ

০৫. নিচের কোনটি ভাষা-পরিবারের নাম নয়?
ক. ইন্দো-ইউরোপীয় খ. আফ্রিকীয়
গ. দ্রাবিড়ীয় ঘ. ইন্দো-ইরানীয় উত্তর:ঘ

০৬. ধ্রুপদি ভাষা হিসেবে স্বীকৃত কোনটি?
ক. সংস্কৃত খ. বাংলা
গ. পালি ঘ. কও গ উভয়ই উত্তর:ঘ

০৭. নিচের কোনটি থেকে বাংলা ভাষার জন্ম?
ক. কেন্তুম খ. সংস্কৃত
গ. পূর্ব ভারতীয় প্রাকৃত ঘ. দ্রাবিড়ীয় উত্তর:গ

০৮. বাংলা ভাষার প্রাচীন নমুনা পাওয়া যায়-
ক. মহাভারতে খ. চর্যাপদে
গ. বৈষ্ণব পদাবলিতে ঘ. মঙ্গলকাব্যে উত্তর:খ

০৯. বাংলা ভাষার নিজস্ব লিপি কোনটি?
ক. ব্রাহ্মী খ. মণিপুরি
গ. বাংলা ঘ. কুটিল উত্তর:গ

১০. ভারতের কোন প্রদেশের অন্যতম দাপ্তরিক ভাষা বাংলা?
ক. কেরালা খ. ওড়িশা
গ. ত্রিপুরা ঘ. হরিয়ানা উত্তর:গ

### পরিচ্ছেদ-২: বাংলা ব্যাকরণ
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-০৪)

০১. ভাষার প্রকৃতি নিয়ে আলোচনা করে-
ক. বাক্যতত্ত্ব খ. ব্যাকরণ
গ. অর্থতত্ত্ব ঘ. রূপতত্ত্ব উত্তর:খ

০২. বাংলা ব্যাকরণ প্রথম প্রকাশিত হয় কত খ্রিষ্টাব্দে?
ক. ১৫৫৩ খ. ১৭৪৩
গ. ১৭৭৮ ঘ. ১৯৪৮ উত্তর:খ

০৩. ইংরেজি ভাষায় লেখা প্রথম বাংলা ব্যাকরণের রচয়িতা কে?
ক. উইলিয়াম কেরি খ. রামমোহন রায় উত্তর:ঘ
গ. হরপ্রসাদ শাস্ত্রী ঘ. নাথানিয়েল ব্রাসি হ্যালহেড

০৪. 'গৌড়ীয় ব্যাকরণ'- এর রচয়িতা কে?
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ. উইলিয়াম কেরি ঘ. রামমোহন রায় উত্তর:ঘ

০৫. ভাষার ক্ষুদ্রতম উপাদান-
ক. ধ্বনি খ. অক্ষর
গ. শব্দ ঘ. বাক্য উত্তর:ক

০৬. 'বাগ্‌যন্ত্র' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক. ধ্বনিতত্ত্ব খ. রূপতত্ত্ব
গ. অর্থতত্ত্ব ঘ. বাক্যতত্ত্ব উত্তর:ক

০৭. শব্দের অর্থ ও অর্থবৈচিত্র্য নিয়ে আলোচনা করে-
ক. ধ্বনিতত্ত্ব খ. রূপতত্ত্ব
গ. অর্থতত্ত্ব ঘ. বাক্যতত্ত্ব উত্তর:গ

০৮. নিচের কোনটি রূপতত্ত্বের আলোচ্য বিষয়?
ক. উপসর্গ খ. প্রতিশব্দ
গ. অক্ষর ঘ. কারক উত্তর:ক

০৯. বাচ্য ও উক্তি ব্যাকরণের কোন শাখায় আলোচিত হয়?
ক. অর্থতত্ত্ব খ. রূপতত্ত্ব
গ. ধ্বনিতত্ত্ব ঘ. বাক্যতত্ত্ব উত্তর:ঘ

১০. যোজক আলোচনা করা হয়-
ক. ধ্বনিতত্ত্বে খ. রূপতত্ত্বে
গ. অর্থতত্ত্বে ঘ. বাক্যতত্ত্বে উত্তর:খ

### পরিচ্ছেদ-৩: বাংলা ভাষার রীতি ও বিভাজন
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-০৮)

০১. বর্তমানে লেখ্য ভাষার আদর্শ রীতিকে বলে-
ক. সাধু রীতি খ. লেখ্য রীতি
গ. আঞ্চলিক রীতি ঘ. প্রমিত রীতি উত্তর:ঘ

০২. বাংলা ভাষায় গদ্য রীতির সূচনা হয়-
ক. প্রাচীন যুগে খ. মধ্যযুগে
গ. উনিশ শতকের শুরুতে ঘ. বিশ শতকের শুরুতে উত্তর:গ

০৩. নিচের কোনটি সাধু রীতির ক্রিয়াপদ?
ক. করিল খ. করেছে
গ. করত ঘ. করলাম উত্তর:ক

০৪. সাধু রীতির বৈশিষ্ট্য কোনটি?
ক. ক্রিয়ারূপ দীর্ঘ খ. বিশেষ্যের আধিক্য
গ. অনুসর্গ হ্রস্ব ঘ. খ ও গ উভয়ই উত্তর:ক

০৫. বাংলাদেশের রংপুর অঞ্চলে কোন উপভাষার ব্যবহার পাওয়া যায়?
ক. বরেন্দ্রী খ. রাঢ়ী
গ. কামরূপী ঘ. পূর্বী উত্তর:গ

## পরিচ্ছেদ-৪: বাগ্‌যন্ত্র
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-১১)

০১. কোনটি বাগ্‌যন্ত্র?
ক. পাকস্থলী খ. ফুসফুস
গ. পিত্তকোষ ঘ. যকৃত উত্তর:খ

০২. ফুসফুস থেকে তৈরি বাতাস কীসের মাধ্যমে বের হয়?
ক. নাসারন্ধ্র খ. মুখবিবর
গ. তালু ঘ. ক ও খ উভয়ই উত্তর:ঘ

০৩. স্বরযন্ত্রের কোন অংশ ধ্বনি তৈরিতে সরাসরি ভূমিকা পালন করে-
ক. বলয় উপাস্থি খ. মুখবিবর
গ. নাসারন্ধ্র ঘ. নাসিকা উত্তর:খ

০৪. বাগ্‌যন্ত্রের মধ্যে সবচেয়ে সচল অঙ্গ কোনটি?
ক. দাঁত খ. মূর্ধা
গ. দন্তমূল ঘ. জিভ উত্তর:ঘ

০৫. মুখ-গহ্বরের কোন অংশে তালুর অবস্থান?
ক. সামনে খ. পিছনে
গ. উপরে ঘ. নিচে উত্তর:গ

০৬. কোমল তালুর সঙ্গে আলজিভ নিচে নেমে এলে বাতাস বের হয়-
ক. নাক দিয়ে খ. কান দিয়ে
গ. মুখ দিয়ে ঘ. স্বরযন্ত্র দিয়ে উত্তর:ক

## পরিচ্ছেদ-৫: ধ্বনি ও বর্ণ
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-১৩)

০১. বাংলায় মৌলিক স্বরধ্বনি কয়টি?
ক. ৬ খ. ৭
গ. ১০ ঘ. ১১ উত্তর:খ

০২. কোন ধ্বনিগুলো উচ্চারণের সময়ে মুখগহ্বরের কোথাও বাধা পায় না?
ক. স্বরধ্বনি খ. ব্যঞ্জনধ্বনি
গ. মৌলিকধ্বনি ঘ. যুগ্মধ্বনি উত্তর:ক

০৩. ধ্বনির প্রতীককে বলা হয়-
ক. শব্দ খ. বাক্য
গ. বর্ণ ঘ. ভাষা উত্তর:গ

০৪. ব্যঞ্জনের সঙ্গে কার বর্ণ বা হস্‌চিহ্ন না থাকলে কোন ধ্বনি আছে বলে ধরে নেওয়া হয়?
ক. [অ] খ. [আ]
গ. [ই] ঘ. [উ] উত্তর:ক

০৫. ষ্ণ যুক্তবর্ণটি কোন কোন বর্ণ দিয়ে তৈরি?
ক. ঞ ও ষ খ. ষ ও ঞ
গ. ষ ও ণ ঘ. ণ ও ষ উত্তর:গ

০৬. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয়-
ক. কারবর্ণ খ. অনুবর্ণ
গ. ফলা ঘ. রেফ উত্তর:ক

০৭. ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম-
ক. কারবর্ণ খ. অনুবর্ণ
গ. ফলা ঘ. রেফ উত্তর:গ

০৮. নিচের কোন জোড়টি যুক্তবর্ণের রূপভেদকে প্রকাশ করে?
ক. স্বচ্ছ ও অস্বচ্ছ খ. কার ও ফলা
গ. স্বচ্ছ ও যুক্ত ঘ. অস্বচ্ছ ও উন্মুক্ত উত্তর:ক

০৯. বাংলা কার বর্ণের সংখ্যা-
ক. ৯ খ. ১০
গ. ১১ ঘ. ১২ উত্তর:খ

১০. বাংলা সংখ্যাবর্ণ কয়টি?
ক. ৭ খ. ৮
গ. ১০ ঘ. ১১ উত্তর:গ

ব্যাখ্যা ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০— মোট ১০টি সংখ্যাবর্ণ।

## পরিচ্ছেদ-৬: স্বরধ্বনি
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-১৭)

০১. উচ্চারণের সময়ে জিভের কোন অবস্থানের কারণে স্বরধ্বনি ভাগ করা হয়?
ক. উচ্চতা খ. সম্মুখ
গ. পশ্চাৎ ঘ. সবগুলোই সঠিক উত্তর:ঘ

০২. 'উ'-কার উচ্চারণের সময়ে জিভের অবস্থান-
ক. উচ্চ-সম্মুখ খ. নিম্ন-সম্মুখ
গ. উচ্চ-পশ্চাৎ ঘ. নিম্ন-পশ্চাৎ উত্তর:গ

০৩. 'আ' উচ্চারণের সময়ে ঠোঁটের উন্মুক্তি কেমন?
ক. সংবৃত খ. অর্ধ-সংবৃত
গ. বিবৃত ঘ. অর্ধ-বিবৃত উত্তর:গ

০৪. জিভের সম্মুখ বা পশ্চাৎ অবস্থান অনুযায়ী স্বরধ্বনি কত প্রকার?
ক. দুই খ. তিন
গ. চার ঘ. পাঁচ উত্তর:খ

০৫. বাংলা স্বরবর্ণের উপরে চন্দ্রবিন্দু ব্যবহার করা হয় কী বোঝাতে?
ক. হ্রস্বস্বর খ. দীর্ঘস্বর
গ. অনুনাসিকতা ঘ. ব্যঞ্জনা **উত্তর:গ**

০৬. যে সকল স্বরধ্বনি পুরোপুরি উচ্চারিত হয় না তাদের বলে-
ক. হ্রস্বস্বর খ. অর্ধস্বর
গ. দীর্ঘস্বর ঘ. পূর্ণস্বর **উত্তর:খ**

০৭. পূর্ণ স্বরধ্বনি ও অর্ধস্বরধ্বনি একত্রে মিলে হয়-
ক. স্বরধ্বনি খ. মৌলিক স্বরধ্বনি
গ. স্বল্প স্বরধ্বনি ঘ. দ্বিস্বরধ্বনি **উত্তর:ঘ**

০৮. 'লাউ' শব্দের মধ্যে কোন কোন স্বরধ্বনি আছে?
ক. অ+ই্ খ. আ+ই্
গ. আ+এ্ ঘ. আ+উ্ **উত্তর:ঘ**

## পরিচ্ছেদ-৭: ব্যঞ্জনধ্বনি
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-২২)

০১. বাক্‌প্রত্যঙ্গের ঠিক যে জায়গায় বাতাস বাধা পেয়ে ব্যঞ্জনধ্বনি সৃষ্টি হয়, সেই জায়গাটি হলো ব্যঞ্জনের-
ক. উচ্চারণ স্থান খ. উচ্চারণ প্রকৃতি
গ. ধ্বনি সৃষ্টি ঘ. ধ্বনি প্রকৃতি **উত্তর:ক**

০২. দন্ত্য ব্যঞ্জনধ্বনির মুখ্য বাক্‌প্রত্যঙ্গ কোনটি?
ক. নিচের ঠোঁট খ. জিভের ডগা
গ. আলজিভ ঘ. দাঁত **উত্তর:খ**

০৩. কোন ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের ডগা উপরের পাটির দাঁতের গোড়ার সঙ্গে লেগে বায়ুপথে বাধা সৃষ্টি করে?
ক. ওষ্ঠ্য ব্যঞ্জন খ. দন্ত্য ব্যঞ্জন
গ. দন্ত্যমূলীয় ব্যঞ্জন ঘ. মূর্ধন্য ব্যঞ্জন **উত্তর:খ**

০৪. তালব্য ব্যঞ্জনধ্বনির উদাহরণ আছে কোন শব্দে?
ক. শসা খ. ঘাস
গ. কল ঘ. দল **উত্তর:ক**

০৫. পার্শ্বিক ব্যঞ্জনধ্বনির উদাহরণ কোনটি?
ক. ল খ. ম
গ. ন ঘ. থ **উত্তর:ক**

০৬. কোনটি তাড়িত ব্যঞ্জনের উদাহরণ?
ক. র খ. শ
গ. ড় ঘ. ণ **উত্তর:গ**

০৭. কোনগুলো ঘোষ ব্যঞ্জন?
ক. ব, ভ খ. ং, ঙ
গ. চ, ছ ঘ. ত, দ **উত্তর:ক**

০৮. ফুসফুস থেকে নির্গত বায়ুপ্রবাহ কম থাকলে সেগুলোকে বলে?
ক. ঘোষ ধ্বনি খ. অঘোষ ধ্বনি
গ. অল্পপ্রাণ ধ্বনি ঘ. মহাপ্রাণ ধ্বনি **উত্তর:গ**

০৯. কম্পিত ব্যঞ্জনের উপস্থিতি আছে কোন শব্দে?
ক. বড়ো খ. গাঢ়
গ. চানাচুর ঘ. হঠাৎ **উত্তর:গ**

১০. উচ্চারণস্থান অনুযায়ী 'শ' কেমন ধ্বনি?
ক. দন্ত্য খ. মূর্ধন্য
গ. তালব্য ঘ. কণ্ঠ্য **উত্তর:গ**

## পরিচ্ছেদ-৮: বর্ণের উচ্চারণ
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-২৫)

০১. ব-ফলার উচ্চারণ নেই কোন শব্দে?
ক. অশ্ব খ. পক্ব
গ. বিশ্বাস ঘ. শ্বশুর **উত্তর:ঘ**

০২. 'অদ্য' শব্দের উচ্চারণ-
ক. ওদ্‌দো খ. অদদো
গ. অদ্‌দো ঘ. ওইদ্‌দো **উত্তর:ক**

০৩. 'ঋণ'-এর উচ্চারণ-
ক. রিন্ খ. রিণ্
গ. ঋন্ ঘ. ঋণ **উত্তর:ক**

০৪. কোন বর্ণটির নিজস্ব কোন ধ্বনি নেই?
ক. ক্ষ খ. গ
গ. ৎ ঘ. ঞ **উত্তর:গ**

০৫. 'আ' কখন অ্যা-এর মতো উচ্চারিত হয়, যেমন-
ক. রাত খ. কাতুকুতু
গ. জ্ঞান ঘ. একা **উত্তর:গ**

০৬. 'এ' বর্ণের বিকৃত উচ্চারণের উদাহরণ-
ক. একটি খ. এবার
গ. দেশ ঘ. খেলা **উত্তর:ঘ**

## পরিচ্ছেদ-৯: শব্দ ও পদের গঠন
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-২৭)

০১. শব্দ যখন বাক্যে ব্যবহৃত হয় তখন তাকে কী বলে?
ক. পদাণু খ. পদ
গ. বাক্যাংশ ঘ. প্রকৃতি **উত্তর:খ**

০২. পদের লগ্নক কত ধরনের?
ক. দুই খ. তিন
গ. চার ঘ. পাঁচ **উত্তর:গ**

০৩. কোনটি শব্দের শেষে যুক্ত হয় না?
ক. প্রত্যয় খ. বিভক্তি
গ. বলক ঘ. উপসর্গ **উত্তর:ঘ**

০৪. যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হয়ে বক্তব্য জোরালো করে তাকে কী বলে?
ক. বলক খ. প্রত্যয়
গ. বিভক্তি ঘ. উপসর্গ উত্তর:ক

০৫. কোনটি সাধিত শব্দ?
ক. গাছ খ. পরিচালক
গ. মাছ ঘ. চাঁদ উত্তর:খ

০৬. কোনটি মৌলিক শব্দ?
ক. চাঁদ খ. বন্ধুত্ব
গ. প্রশাসন ঘ. দায়িত্ব উত্তর:ক

০৭. শব্দের কোথায় প্রত্যয় যুক্ত হয়?
ক. প্রথমে খ. শেষে উত্তর:খ
গ. মধ্যে ঘ. যে কোনো স্থানে

০৮. কোনটি নির্দেশক?
ক. রা খ. পরি
গ. টুকু ঘ. ই উত্তর:গ

০৯. কোনটি লগ্নক নয়?
ক. প্রত্যয় খ. নির্দেশক
গ. বলক ঘ. বচন উত্তর:ক

১০. 'নৌকার ছইয়ে নীল মাছরাঙাটি বসে আছে' বাক্যে অলগ্নক পদ কোনটি?
ক. নৌকার খ. ছইয়ে
গ. নীল ঘ. মাছরাঙাটি উত্তর:গ

## পরিচ্ছেদ-১০: উপসর্গ দিয়ে শব্দ গঠন
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৩১)

০১. নিচের কোনটি উপসর্গ যোগে গঠিত শব্দ?
ক. প্রবীণ খ. ভিখারি
গ. বাবুয়ানা ঘ. সেলাই উত্তর:ক

০২. নিচের কোন শব্দে অপূর্ণ অর্থে 'না' উপসর্গ ব্যবহৃত হয়েছে?
ক. নাহক খ. নাজুক
গ. নালায়েক ঘ. নাদাবি উত্তর:গ

০৩. ঈষৎ অর্থ প্রকাশ করছে কোন উপসর্গ যুক্ত শব্দটি?
ক. আখাম্বা খ. উপকূল
গ. অনভিজ্ঞ ঘ. আরক্ত উত্তর:ঘ

০৪. নিচের কোনটি উপসর্গ?
ক. গুলো খ. উপ
গ. টা ঘ. ও উত্তর:খ

০৫. 'পাতি' উপসর্গটি কোন অর্থে ব্যবহার করা হয়?
ক. ছোটো খ. বিপরীত
গ. নিম্ন ঘ. শূন্য উত্তর:ক

## পরিচ্ছেদ-১১: প্রত্যয় দিয়ে শব্দ গঠন
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৩৬)

০১. ধাতুর পরে যেসব প্রত্যয় যুক্ত হয় তাদের কী বলে?
ক. কৃৎ প্রত্যয় খ. তদ্ধিত প্রত্যয়
গ. কৃদন্ত শব্দ ঘ. তদ্ধিতান্ত পদ উত্তর:ক

০২. তদ্ধিত প্রত্যয় দিয়ে সাধিত শব্দকে কী বলে?
ক. প্রত্যয় খ. প্রকৃতি
গ. মৌলিক শব্দ ঘ. তদ্ধিতান্ত শব্দ উত্তর:ঘ

০৩. নিচের কোনটি তদ্ধিতান্ত শব্দের উদাহরণ?
ক. খেলনা খ. নাগর
গ. গমন ঘ. পড়া উত্তর:খ

০৪. নিচের কোনটির নিজস্ব অর্থ আছে?
ক. প্রত্যয় খ. উপসর্গ
গ. শব্দ ঘ. বচন উত্তর:গ

০৫. নিচের কোনটি কৃদন্ত শব্দের উদাহরণ?
ক. ভাজি খ. বিবাহিত
গ. দৈনিক ঘ. পাগলামি উত্তর:ক

০৬. নিচের কোন শব্দটি 'উয়া' প্রত্যয় যোগে গঠিত?
ক. লাগোয়া খ. ঘরোয়া
গ. পড়ুয়া ঘ. বাড়িওয়ালা উত্তর:গ

০৭. অবজ্ঞা অর্থে কোন শব্দটি ব্যবহার হয়েছে?
ক. কানাই খ. গেঁয়ো
গ. চোরা ঘ. বেতো উত্তর:গ

## পরিচ্ছেদ-১২: সমাস দিয়ে শব্দ গঠন
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৪০)

০১. সমাসের মাধ্যমে গঠিত হয়-
ক. নতুন শব্দ খ. নতুন বাক্য
গ. নতুন বর্ণ ঘ. নতুন ধ্বনি উত্তর:ক

০২. সমাসবদ্ধ পদকে বলে-
ক. সমস্তপদ খ. সমস্যমান পদ
গ. পূর্বপদ ঘ. পরপদ উত্তর:ক

০৩. ব্যাসবাক্য কাকে ব্যাখ্যা করে?
ক. পূর্বপদ খ. পরপদ
গ. সমস্তপদ ঘ. সমস্যমান পদ উত্তর:গ

০৪. 'পরীক্ষা নিয়ন্ত্রক পরীক্ষার সময়সূচি স্কুল-কলেজে পাঠানোর নির্দেশ দিয়েছেন'-এই বাক্যে সময়সূচি কোন পদ?
ক. সমস্তপদ খ. সমস্যমান পদ
গ. পূর্বপদ ঘ. পরপদ উত্তর:ক

০৫. অর্থের প্রাধান্যের ভিত্তিতে বাংলা সমাস কত প্রকার?
ক. দুই খ. তিন
গ. চার ঘ. পাঁচ উত্তর:গ

০৬. নিচের কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?
ক. নয়-ছয় খ. খাসজমি
গ. কনকচাঁপা ঘ. ত্রিফলা উত্তর:ক

০৭. নিচের কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ?
ক. হাতঘড়ি খ. চোখে-মুখে
গ. সেতার ঘ. তেলেভাজা উত্তর:ক

০৮. নিচের কোনটির ব্যাসবাক্যে 'যে' যোজক রয়েছে?
ক. বেগুনভাজা খ. ত্রিফলা
গ. ঘরজামাই ঘ. হাতঘড়ি উত্তর:ঘ

০৯. মধ্যপদলোপী কর্মধারয়ের উদাহরণ কোনটি?
ক. চৌরাস্তা খ. ঘিভাত
গ. চালাকচতুর ঘ. টাকমাথা উত্তর:খ

১০. উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?
ক. চাঁদমুখ খ. শশব্যস্ত
গ. হাতঘড়ি ঘ. বিষাদসিন্ধু উত্তর:ক

১১. নিচের কোনটিতে উপমেয় পদের সাথে উপমান পদের অভেদ কল্পনা করা হয়েছে?
ক. কাজলকালো খ. মনমাঝি
গ. তুষারশুভ্র ঘ. চৌরাস্তা উত্তর:খ

১২. বিভক্তি লোপ পাওয়া তৎপুরুষ সমাসের উদাহরণ কোনটি?
ক. ছেলে-ভুলানো খ. তেলেভাজা
গ. গরুরগাড়ি ঘ. হাতে কাটা উত্তর:ক

১৩. নিচের কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ?
ক. গ্রামছাড়া খ. গাছপাকা
গ. ধানক্ষেত ঘ. গরুরগাড়ি উত্তর:ঘ

১৪. কোন সমাসে পূর্বপদ ও পরপদের কোনোটির অর্থ না বুঝিয়ে অন্য কিছু বোঝায়?
ক. দ্বিগু সমাস খ. তৎপুরুষ সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. কর্মধারয় সমাস উত্তর:গ

১৫. যে বহুব্রীহি সমাসে সমস্তপদে পূর্বপদের বিভক্তি অক্ষুন্ন থাকে তাকে কী বলে?
ক. সংখ্যাবাচক বহুব্রীহি খ. ব্যতিহার বহুব্রীহি
গ. মধ্যপদলোপী বহুব্রীহি ঘ. অলুক বহুব্রীহি উত্তর:ঘ

## পরিচ্ছেদ-১৩: সন্ধি
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৪৩)

০১. পাশাপাশি ধ্বনির মিলনকে বলে?
ক. একত্রীকরণ খ. সন্নিবেশ
গ. সমাস ঘ. সন্ধি উত্তর:ঘ

০২. অ/আ + অ/আ = আ সূত্রের উদাহরণ কোনটি?
ক. উত্তরাধিকার খ. জনৈক
গ. অতীন্দ্রিয় ঘ. নাবিক উত্তর:ক

০৩. স্বরের সঙ্গে স্বরের যে সন্ধি হয় তাকে কী বলে?
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জনসন্ধি উত্তর:ক
গ. বিসর্গসন্ধি ঘ. স্বর-ব্যঞ্জন সন্ধি

০৪. গো+ আদি = গবাদি-কোন সূত্রে সিদ্ধ? উত্তর:ক
ক. ও+অন্য স্বর = অব্+স্বর খ. এ+অন্য স্বর = অয়্+স্বর
গ. ঋ+অন্য স্বর = র্+স্বর ঘ. উ/ঊ+অন্য স্বর = ব্+স্বর

০৫. ব্যঞ্জনসন্ধি কতভাবে হতে পারে?
ক. এক খ. দুই
গ. তিন ঘ. চার উত্তর:গ

০৬. 'পরিচ্ছেদ' কোন নিয়মে ব্যঞ্জনসন্ধি?
ক. স্বর+স্বর খ. স্বর+ব্যঞ্জন
গ. ব্যঞ্জন+ব্যঞ্জন ঘ. ব্যঞ্জন+স্বর উত্তর:খ

০৭. নিচের কোনটিতে জ-এর প্রভাবে ত হয়েছে জ?
ক. সন্ধ্যা খ. উজ্জ্বল
গ. বিপদমূলক ঘ. চলচ্চিত্র উত্তর:খ

০৮. নিচের কোনটি বিসর্গ সন্ধির উদাহরণ?
ক. ষষ্ঠ খ. সম্মান
গ. স্বচ্ছ ঘ. মনোযোগ উত্তর:ঘ

০৯. নিচের কোনটিতে বিসর্গ 'ও' হয়ে গেছে?
ক. নীরোগ খ. আরোগ্য
গ. তিরোধান ঘ. ভৌগোলিক উত্তর:গ

১০. নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি কোনটি?
ক. নায়ক খ. পিত্রালয়
গ. শুভেচ্ছা ঘ. একাদশ উত্তর:ঘ

## পরিচ্ছেদ-১৪: শব্দদ্বিত্ব
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৪৫)

০১. অভিন্ন বা সামান্য পরিবর্তিত হয়ে দুইবার ব্যবহৃত হওয়া শব্দকে বলে-
ক. শব্দ পরিবর্তন খ. শব্দদ্বিত্ব
গ. শব্দ গঠন ঘ. শব্দ প্রয়োগ উত্তর:খ

০২. শব্দদ্বিত্ব কত প্রকার?
ক. দুই খ. তিন
গ. চার ঘ. পাঁচ উত্তর:খ

০৩. পর পর প্রয়োগ হওয়া কাছাকাছি চেহারার শব্দকে কী বলে?
ক. অনুকার দ্বিত্ব খ. পুনরাবৃত্ত দ্বিত্ব
গ. ধ্বন্যাত্মক দ্বিত্ব ঘ. পদদ্বিত্ব উত্তর:ক

০৪. কোন ধরনের দ্বিত্বে বিভক্তি যুক্ত হতে দেখা যায়?
ক. অনুকার দ্বিত্বে খ. পুনরাবৃত্ত দ্বিত্বে
গ. ধ্বনাত্মক দ্বিত্বে ঘ. ক ও খ উভয়ই উত্তর:খ

০৫. কোনটি ধ্বনাত্মক দ্বিত্বের উদাহরণ?
ক. চুপচাপ খ. সুরে সুরে
গ. চোখে চোখে ঘ. ঢং ঢং উত্তর:ঘ

০৬. বিভক্তিযুক্ত শব্দদ্বিত্ব কোনটি?
ক. ঝাঁকে ঝাঁকে খ. হায় হায়
গ. ঘুম ঘুম ঘ. কত কত উত্তর:ক

০৭. নিচের কোন ধ্বনাত্মক দ্বিত্বের মাঝখানে স্বরধ্বনির আগমন ঘটেছে?
ক. খপাখপ খ. থকথকে
গ. ভটভট ঘ. মজায় মজায় উত্তর:ক

## পরিচ্ছেদ-১৫: নরবাচক ও নারীবাচক শব্দ
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৪৭)

০১. বিশেষ্য ও বিশেষণের নারী ও নরভেদের নাম কী?
ক. বচন খ. নির্দেশক
গ. বলক ঘ. লিঙ্গ উত্তর:ঘ

০২. নিচের কোন শব্দটি উভয়লিঙ্গ প্রকাশক?
ক. সন্তান খ. ভেড়ি
গ. ছাত্র ঘ. ঘর উত্তর:ক

০৩. 'ক্লীব লিঙ্গ' শব্দ কোনটি?
ক. গাড়ি খ. মন্ত্রী
গ. মানুষ ঘ. পাখি উত্তর:ক

০৪. কোন শব্দটি অপত্নীবাচক?
ক. মাতা খ. দাদি
গ. চাচি ঘ. শিক্ষিকা উত্তর:ঘ

০৫. নিচের কোনটি নিত্য নরবাচক শব্দ?
ক. কৃতদার খ. ছেলে
গ. নেতা ঘ. বাবা উত্তর:ক

০৬. নিচের কোনটি নিত্য নারীবাচক শব্দ?
ক. শিক্ষিকা খ. জেলেনি
গ. মেয়ে ঘ. সতীন উত্তর:ঘ

০৭. '-অক' প্রত্যয় দিয়ে গঠিত নরবাচক শব্দকে নারীবাচক করার সময়ে '-অক' এর জায়গায় কী হয়?
ক. -একা খ. -ওকা
গ. -ইকা ঘ. -আকা উত্তর:গ

০৮. নিচের কোন নারীবাচক শব্দের সঙ্গে নরবাচক শব্দের গঠনগত মিল নেই?
ক. বেগম খ. ভাইঝি
গ. ছেলে বউ ঘ. গায়িকা উত্তর:গ

## পরিচ্ছেদ-১৬: সংখ্যাবাচক শব্দ
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৫০)

০১. নিচের কোনটি সংখ্যাবর্ণ?
ক. পাঁচ খ. ৩
গ. আড়াই ঘ. ৪ঠা উত্তর:খ

০২. নিচের কোনটি সংখ্যা শব্দ?
ক. বারো খ. ২৩৩
গ. দুজন ঘ. একাকী উত্তর:ক

০৩. একের পর এক যে সংখ্যাগুলো আসে সেগুলোকে কী বলে?
ক. ক্রমবাচক খ. পূরণবাচক
গ. সংখ্যাবাচক ঘ. তারিখবাচক উত্তর:ক

০৪. নিচের কোনটি পূরণবাচক সংখ্যা শব্দ?
ক. পহেলা খ. সাত
গ. সতেরো ঘ. দ্বিতীয় উত্তর:ঘ

০৫. নিচের কোনটি পূরণবাচক সংখ্যা শব্দ নয়?
ক. উনিশে খ. আড়াই
গ. আশি ঘ. তেহাই উত্তর:গ

০৬. সাধারণ পূরণবাচকের নারীবাচক রূপের ব্যবহার আছে কোনটিতে?
ক. দশমী খ. ষোড়শ
গ. আটাশে ঘ. ষোলই উত্তর:ক

০৭. পূর্ণ সংখ্যার থেকে খানিকটা কম বা বেশি বোঝালে কী ধরনের পূরণবাচক হয়?
ক. গুণিতক পূরণবাচক খ. ভগ্নাংশ পূরণবাচক
গ. তারিখ পূরণবাচক ঘ. সাধারণ পূরণবাচক উত্তর:খ

## পরিচ্ছেদ-১৭: শব্দের শ্রেণিবিভাগ
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৫২)

০১. উৎস বিবেচনায় বাংলা শব্দভান্ডার কত প্রকার?
ক. তিন খ. চার
গ. পাঁচ ঘ. ছয় উত্তর:খ

বি.দ্র: নবম-দশম শ্রেণির বোর্ড ব্যাকরণ সংস্করণ ২০২১ অনুসারে উৎস বিবেচনায় শব্দ চার প্রকার। পূর্বের বইতে পাঁচ প্রকার ছিল।

০২. নিচের কোনটি তৎসম শব্দ?
ক. গ্রহ খ. কুড়ি
গ. কলম ঘ. পাখি উত্তর:ক

০৩. কোন শ্রেণির বাংলা শব্দের লিখিত চেহারা সংস্কৃতের অনুরূপ?
ক. তৎসম খ. তদ্ভব
গ. দেশি ঘ. বিদেশি উত্তর:ক

০৪. গঠন বিবেচনায় শব্দ দুই ভাগে বিভক্ত, যথা-
ক. প্রত্যয় ও বিভক্তি খ. ধ্বনি ও বর্ণ উত্তর:গ
গ. মৌলিক ও সাধিত ঘ. তৎসম ও তদ্ভব

০৫. পদ বিবেচনায় শব্দ কত প্রকার?
ক. পাঁচ খ. সাত
গ. আট ঘ. দশ উত্তর:গ

০৬. কোনটি পদের নাম নয়?
ক. আবেগ খ. অনুসর্গ
গ. যোজক ঘ. পদাণু উত্তর:ঘ

## পরিচ্ছেদ-১৮: বিশেষ্য
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৫৪)

০১. যে সব শব্দ দিয়ে কোনো কিছুর নাম বোঝায় তাকে কী বলে?
ক. বিশেষ্য খ. অনুসর্গ
গ. যোজক ঘ. সর্বনাম উত্তর:ক

০২. বাক্যে ব্যবহারের সময়ে বিশেষ্যের সঙ্গে কী কী যুক্ত হয়? উত্তর:ক
ক. বিভক্তি, নির্দেশক ও বচন খ. বিশেষ্য, বিশেষণ ও সর্বনাম
গ. অনুসর্গ, নির্দেশক ও বিশেষ্য ঘ. বিশেষণ, অব্যয় ও ক্রিয়া

০৩. 'পদ্মা' কোন জাতীয় নাম-বিশেষ্য?
ক. সৃষ্টিনাম খ. কালনাম
গ. স্থাননাম ঘ. ব্যক্তিনাম উত্তর:গ

০৪. জাতি-বিশেষ্যের উদাহরণ কোনটি?
ক. আকাশ খ. নদী
গ. পদ্মা ঘ. হিমালয় উত্তর:খ

০৫. নিচের কোনগুলি সমষ্টি-বিশেষ্যের উদাহরণ?
ক. পরিবার ও মিছিল খ. নদী ও সাগর
গ. সঞ্চিতা ও ইত্তেফাক ঘ. আকাশ ও বই উত্তর:ক

০৬. গুণ-বিশেষ্য কোনটি?
ক. সাগর খ. সততা
গ. ভোজন ঘ. বাহিনী উত্তর:খ

০৭. নিচের কোনটি কালনাম শ্রেণির নাম-বিশেষ্য?
ক. বৈশাখ খ. হিমালয়
গ. আকাশ ঘ. পবন উত্তর:ক

## পরিচ্ছেদ-১৯: সর্বনাম
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৫৬)

০১. বিশেষ্যের পরিবর্তে ব্যবহৃত শব্দকে কী শব্দ বলে?
ক. সর্বনাম খ. বিশেষণ
গ. অনুসর্গ ঘ. ক্রিয়া উত্তর:ক

০২. সর্বনামকে কয়টি ভাগে ভাগ করা যায়?
ক. পাঁচ খ. ছয়
গ. নয় ঘ. এগারো উত্তর:গ

০৩. নিচের কোনটি ব্যক্তিবাচক সর্বনাম?
ক. একজন খ. উনি
গ. স্বয়ং ঘ. আমি উত্তর:ঘ

০৪. কর্তা নিজেই কাজটি করেছেন, তা বোঝালে কোন সর্বনাম হয়?
ক. ব্যক্তিবাচক খ. আত্মবাচক
গ. নির্দেশক ঘ. অনির্দিষ্ট উত্তর:খ

০৫. সাপেক্ষ সর্বনামের উদাহরণ কোনটি?
ক. অন্য খ. এ
গ. যে- সে ঘ. পরস্পর উত্তর:গ

০৬. নিজ ভিন্ন অন্য কোনো অনির্দিষ্ট ব্যক্তি বোঝাতে কোন সর্বনাম ব্যবহৃত হয়?
ক. অনির্দিষ্ট খ. আত্মবাচক
গ. অন্যাদিবাচক ঘ. সাকল্যবাচক উত্তর:গ

০৭. কোন সর্বনাম নৈকট্য বা দূরত্ব নির্দেশ করে?
ক. সাপেক্ষ সর্বনাম খ. অনির্দিষ্ট সর্বনাম
গ. আত্মবাচক সর্বনাম ঘ. নির্দেশক সর্বনাম উত্তর:ঘ

## পরিচ্ছেদ-২০: বিশেষণ
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৫৮)

০১. বিশেষণ কার দোষ, গুণ, সংখ্যা, পরিমাণ, অবস্থা ইত্যাদি প্রকাশ করে?
ক. বিশেষ্য ও বিশেষণ খ. বিশেষ্য ও সর্বনাম
গ. বিশেষণ ও ক্রিয়াবিশেষণ ঘ. বিশেষণ ও অনুসর্গ উত্তর:খ

০২. 'সবুজ মাঠের পরে আমাদের গ্রাম'-বাক্যটিতে বিশেষণ পদ কোনটি?
ক. মাঠের খ. আমাদের
গ. সবুজ ঘ. পরে উত্তর:গ

০৩. বর্ণবাচক বিশেষণের উদাহরণ কোনটি?
ক. লাল খ. আধা
গ. পাথুরে ঘ. এক উত্তর:ক

০৪. 'চলন্ত ট্রেন থেকে লাফ দিয়ো না'- বাক্যটিতে 'চলন্ত' কোন জাতীয় বিশেষণ?
ক. অবস্থাবাচক খ. উপাদান বাচক
গ. গুণবাচক ঘ. ভাববাচক উত্তর:ক

০৫. নিচের কোন উদাহরণে ভাববাচক বিশেষণ রয়েছে?
ক. খুব ভালো খবর খ. লোকটা পাগল
গ. আধা কেজি চাল ঘ. কতক্ষণ সময় উত্তর:ক

০৬. 'তৃতীয়' কোন জাতীয় বিশেষণ?
ক. পূরণবাচক খ. পরিমাণবাচক
গ. ক্রমবাচক ঘ. গুণবাচক উত্তর:ক

## পরিচ্ছেদ-২১: ক্রিয়া
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৬১)

০১. বাক্যের উদ্দেশ্য বা কর্তা কী করে বা কর্তার কী ঘটে বা হয় তা কোন পদের দ্বারা নির্দেশিত হয়?
ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. ক্রিয়া ঘ. যোজক উত্তর:গ

০২. ধাতুর সঙ্গে কী যুক্ত হয়ে ক্রিয়া হয়?
ক. প্রত্যয় খ. অনুসর্গ
গ. বিভক্তি ঘ. উপসর্গ উত্তর:গ

০৩. ক্রিয়ার রূপ পরিবর্তিত হয়-
ক. পুরুষ ভেদে খ. কাল ভেদে উত্তর:ঘ
গ. বচন ভেদে ঘ. ক ও খ উভয়ই

০৪. নিচের কোন বাক্যটিতে অসমাপিকা ক্রিয়া নেই? উত্তর:খ
ক. সে গান করে আনন্দ পায় খ. রাতের বেলা আকাশে চাঁদ ওঠে
গ. ভালো করে পড়াশোনা করবে ঘ. পড়াশোনা করলে ভালো ফল হবে

০৫. কোনটি অসমাপিকা ক্রিয়ার ধরন?
ক. শর্ত খ. ভূত
গ. ভাবী ঘ. সবগুলোই উত্তর:ঘ

০৬. নিচের বাক্যগুলোতে কোনটি অকর্মক ক্রিয়ার উদাহরণ?
ক. সে বই পড়ছে খ. তিনি আমাকে বই দিলেন
গ. লতা ঘুমায় ঘ. সে গল্প লিখছে উত্তর:গ

০৭. অন্যকে দিয়ে করা বোঝালে কোন ক্রিয়া হয়?
ক. সরল ক্রিয়া খ. প্রযোজক ক্রিয়া
গ. নাম ক্রিয়া ঘ. যৌগিক ক্রিয়া উত্তর:খ

০৮. সমাপিকা ও অসমাপিকা ক্রিয়া যুক্ত হয়ে যে ক্রিয়া গঠন করে তাকে কী বলে?
ক. সংযোগ ক্রিয়া খ. নাম ক্রিয়া
গ. সরল ক্রিয়া ঘ. যৌগিক ক্রিয়া উত্তর:ঘ

০৯. নিচের কোনটি যৌগিক ক্রিয়ার উদাহরণ?
ক. এগিয়ে চলা খ. উদয় হওয়া
গ. ডিগবাজি খাওয়া ঘ. বৃদ্ধি পাওয়া উত্তর:ক

১০. ধ্বন্যাত্মক নামক্রিয়ার উদাহরণ আছে কোন বাক্যে?
ক. চিঠিটা ওকে দিয়ে লেখাতে হবে খ. পাখিটা ছটফটাচ্ছে উত্তর:খ
গ. ঘণ্টা বেজে উঠল ঘ. মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন

## পরিচ্ছেদ-২২: ক্রিয়াবিশেষণ
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৬৩)

০১. যে শব্দ ক্রিয়াকে বিশেষিত করে তাকে কী বলে?
ক. ক্রিয়া-বিশেষ্য খ. ক্রিয়াবিশেষণ
গ. গুণ-বিশেষ্য ঘ. অনুসর্গ উত্তর:খ

০২. কোনটি কালবাচক ক্রিয়াবিশেষণ?
ক. তিনি এখানে এসেছিলেন খ. ছেলেটি দ্রুত দৌড়ায়
গ. গতকাল তিনি ঘুরে গিয়েছেন ঘ. একটু ঘরে আসুন না! উত্তর:গ

০৩. 'মিছিলটি সামনে এগিয়ে যায়'- বাক্যটিতে কোন ধরনের ক্রিয়াবিশেষণ ব্যবহৃত হয়েছে?
ক. ধরনবাচক খ. কালবাচক
গ. স্থানবাচক ঘ. পদাণু উত্তর:গ

০৪. 'কি', 'যে', 'বা', 'তো' প্রভৃতি কোন ধরনের ক্রিয়াবিশেষণ?
ক. পদাণু খ. কালবাচক
গ. স্থানবাচক ঘ. ধরনবাচক উত্তর:ক

০৫. নিচের কোনটি একপদী ক্রিয়াবিশেষণের উদাহরণ?
ক. জোরে খ. ভয়ে ভয়ে
গ. মরতে মরতে ঘ. যায় যায় উত্তর:ক

## পরিচ্ছেদ-২৩: অনুসর্গ
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৬৫)

০১. অনুসর্গকে কত ভাগে ভাগ করা যায়?
ক. দুই খ. তিন
গ. চার ঘ. পাঁচ উত্তর:ক

০২. সাধারণ অনুসর্গের প্রয়োগ ঘটেছে কোনটিতে? উত্তর:ক
ক. মাথার উপরে নীল আকাশ খ. ভালো করে খেয়ে নাও
গ. মনদিয়ে লেখাপড়া করো ঘ. বহুদিন ধরে অপেক্ষা করে আছি

০৩. নিচের কোনটিতে ক্রিয়াজাত অনুসর্গের প্রয়োগ ঘটেছে? উত্তর:ঘ
ক. এমন কাজ তোমার দ্বারা হবে না খ. কার কাছে গেলে জানা যাবে?
গ. সবার সামনে থাকবে ঘ. তুমি আসবে বলে দাঁড়িয়ে আছি

০৪. কোনটি অনুসর্গের উদাহরণ?
ক. আপন, তুমি খ. বলে, কয়ে
গ. অভিমুখে, কাছে ঘ. জোরে, আস্তে উত্তর:গ

**০৫. ক্রিয়াপদ থেকে তৈরি হয়েছে কোন অনুসর্গ?**
ক. ক্রিয়াজাত অনুসর্গ খ. ক্রিয়ামুখী অনুসর্গ
গ. ক্রিয়াধর্মী অনুসর্গ ঘ. ক্রিয়ালগ্ন অনুসর্গ **উত্তর:ক**

## পরিচ্ছেদ-২৪: যোজক
**(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৬৭)**

**০১. যোজক কাকে যুক্ত করে?**
ক. পদ খ. বর্গ
গ. বাক্য ঘ. সবগুলো **উত্তর:ঘ**

**০২. বিরোধ যোজক আছে কোন বাক্যে?**
ক. সংখ্যাটি সতেরো কিংবা আঠারো হবে **উত্তর:খ**
খ. লোকটি শিক্ষিত, তবে সৎ নন
গ. যখন বৃষ্টি থামল, তখন সবাই রওনা হলাম
ঘ. দুবার বলেছি, ফলে তৃতীয় বার বলার প্রয়োজন বোধ করিনি

**০৩. কোন যোজক কার্যকারণ দেখাতে দুটি বাক্যের মধ্যে সংযোগ ঘটায়?**
ক. সাধারণ যোজক খ. বিকল্প যোজক
গ. কারণ যোজক ঘ. বিরোধ যোজক **উত্তর:গ**

**০৪. কোন যোজক একে অন্যের পরিপূরক হিসাবে বাক্যে ব্যবহৃত হয়?**
ক. কারণ যোজক খ. বিকল্প যোজক
গ. সাপেক্ষ যোজক ঘ. করণ যোজক **উত্তর:গ**

**০৫. "যদি রোদ ওঠে তবে রওনা দেবো"-বাক্যটি কোন যোজক নির্দেশ করেছে?**
ক. সাধারণ যোজক খ. বিকল্প যোজক
গ. বিরোধ যোজক ঘ. সাপেক্ষ যোজক **উত্তর:ঘ**

## পরিচ্ছেদ-২৫: আবেগ
**(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৬৯)**

**০১. আবেগ শব্দ কীভাবে ব্যবহৃত হয়?**
ক. স্বাধীনভাবে খ. অনুমোদিতভাবে
গ. নিয়ন্ত্রিতভাবে ঘ. শর্তসাপেক্ষে **উত্তর:ক**

**০২. অনুমোদন, সম্মতি ও সমর্থন প্রকাশ পায় কোন জাতীয় আবেগ শব্দে?**
ক. সিদ্ধান্ত আবেগ খ. অলংকার আবেগ
গ. বিস্ময় আবেগ ঘ. সম্বোধন আবেগ **উত্তর:ক**

**০৩. নিচের কোনটি সঠিক?**
ক. হ্যাঁ-সিদ্ধান্ত আবেগ খ. শাবাশ-আতঙ্ক আবেগ
গ. আরে-করুণা আবেগ ঘ. আহা-বিস্ময় আবেগ **উত্তর:ক**

**০৪. সম্বোধন আবেগ আছে কোন বাক্যে?** **উত্তর:ক**
ক. ওহে, কী বলেছি, শুনেছ? খ. নাহ্, ওকে নিয়ে আর পারি না
গ. আরে! তুমি আবার কখন এলে? ঘ. দুর! ওসব কথা আমি বলিনি

**০৫. নিচের কোনটি অলংকার আবেগ?**
ক. হে বন্ধু, তোমাকে অভিনন্দন
খ. আহা! বেচারার এত কষ্ট গ. উহ্! কী বিপদে পড়া গেল
ঘ. দূর পাগল!এ কথা কি বলতে আছে? **উত্তর:ঘ**

## পরিচ্ছেদ-২৬: নির্দেশক
**(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৭১)**

**০১. কোনটি নির্দেশক নয়?**
ক. -টা খ. -তম
গ. -খানা ঘ. -জন **উত্তর:খ**

**০২. -টা/-টি নির্দেশকের রূপান্তর?**
ক. -টো খ. -টুকু
গ. -তা ঘ. -তে **উত্তর:ক**

**০৩. কিছুটা বা সামান্য অংশ বা অল্প পরিমাণ বোঝাতে কোন নির্দেশক ব্যবহৃত হয়?**
ক. -টুক খ. -টি
গ. -খানা ঘ. -খানি **উত্তর:ক**

**০৪. কোন নির্দেশকটি শব্দের পরে আলাদাভাবে বসে?**
ক. জন খ. টুকু
গ. খানা ঘ. খানি **উত্তর:ক**

**০৫. নির্দেশক যুক্ত হয় কোন শব্দের সঙ্গে?**
ক. বিশেষ্য খ. সর্বনাম
গ. বিশেষণ ঘ. সবগুলোই **উত্তর:ঘ**

## পরিচ্ছেদ-২৭: বচন
**(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৭৩)**

**০১. একাধিক সংখ্যা বোঝাতে যেসব লগ্নক বিশেষ্য বা সর্বনামের পরে যুক্ত হয়, তার নাম-**
ক. বচন খ. যোজক
গ. আবেগ ঘ. পদাণু **উত্তর:ক**

**০২. নিচের কোনটি একবচন?**
ক. আমি খ. বইগুলি
গ. মাঝিরা ঘ. কলমগুলো **উত্তর:ক**

**০৩. 'মানী' লোকের বেলায় বহুবচনে কী লগ্নক ব্যবহৃত হয়?**
ক. বৃন্দ খ. মালা
গ. সব ঘ. রাজি **উত্তর:ক**

**০৪. নিচের কোন বাক্যে বহুবচন ব্যবহৃত না হয়েও বহুবচন বোঝাচ্ছে?**
ক. মৌমাছি মৌচাক বানায়
খ. ছাত্ররা এসে জড়ো হয়েছে
গ. এ নিয়ে আমাদের বলার কিছু নেই **উত্তর:ক**
ঘ. হাজার হাজার কৃষক ফুলের চাষ করেন

**০৫. 'পর্বত' শব্দকে বহুবচন করতে কোন লগ্নকটি ব্যবহৃত হয়?**
ক. কুল খ. সব
গ. সমূহ ঘ. মালা **উত্তর:ঘ**

## পরিচ্ছেদ-২৮: বিভক্তি
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৭৫)

০১. 'লোকে কিনা বলে'- বাক্যের লোক শব্দের সঙ্গে কোন বিভক্তি যুক্ত আছে?
ক. -এ খ. -তে
গ. -যে ঘ. -রে **উত্তর:ক**

০২. সাধারণত ক্রিয়ার কাল, স্থান ও ভাব বোঝাতে কোন বিভক্তি যুক্ত হয়?
ক. -কে, -রে খ. -র, -এর
গ. -এ, -তে ঘ. -এ, যের **উত্তর:গ**

০৩. শব্দের শেষে ই-কার ও উ-কার থাকলে -এ বিভক্তির রূপভেদ হয়-
ক. -য়ে খ. -এ
গ. -কে ঘ. -তে **উত্তর:ঘ**

০৪. আ-কারান্ত শব্দের শেষে-এ বিভক্তির রূপভেদ-
ক. -ই খ. -রে
গ. -র ঘ. -য় **উত্তর:ঘ**

০৫. শব্দের শেষে দ্বিস্বর থাকলে-এ বিভক্তির রূপভেদ হয়-
ক. -এ খ. -তে
গ. -য়ে ঘ. -রে **উত্তর:গ**

০৬. বাক্যে গৌণ কর্মের সঙ্গে কোন বিভক্তির প্রয়োগ হয়?
ক. -র খ. -এ
গ. -কে ঘ. -তে **উত্তর:গ**

০৭. বাক্যের মধ্যে পরবর্তী শব্দের সঙ্গে সম্বন্ধ বোঝাতে কোন বিভক্তি হয়?
ক. -র খ. -এ
গ. -কে ঘ. -তে **উত্তর:ক**

## পরিচ্ছেদ-২৯: ক্রিয়াবিভক্তি
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৭৮)

০১. ক্রিয়ার প্রথম অংশকে কী বলে?
ক. শব্দ খ. শব্দমূল
গ. ধাতু ঘ. ক্রিয়াবিভক্তি **উত্তর:গ**

০২. ক্রিয়ার দ্বিতীয় অংশকে কী বলে?
ক. ধ্বনি খ. বর্ণ
গ. ধাতু ঘ. ক্রিয়াবিভক্তি **উত্তর:ঘ**

০৩. সাধারণ ক্রিয়ার বর্তমান কালে বক্তা পক্ষের ক্রিয়াবিভক্তি কোনটি?
ক. -ই (করি) খ. -আই (করাই)
গ. -লে (করলে) ঘ. -এন (করেন) **উত্তর:ক**

০৪. প্রযোজক ক্রিয়ার সাধারণ অতীত কালে শ্রোতা পক্ষের মানী ক্রিয়াবিভক্তি কোনটি?
ক. -তি (করাতি) খ. -আলাম (করালাম)
গ. -ইয়েছি (করিয়েছি) ঘ. -আলেন (করালেন) **উত্তর:ঘ**

০৫. সাধারণ ক্রিয়ার নিত্য অতীত কালে শ্রোতা পক্ষের ঘনিষ্ঠ ক্রিয়াবিভক্তি কোনটি?
ক. -ব (করব) খ. -তি (করতি) **উত্তর:খ**
গ. –বে (করবে) ঘ. –এন (করেন)

০৬. প্রযোজক ক্রিয়ার সাধারণত বর্তমান কালে বক্তা পক্ষের ক্রিয়াবিভক্তি কোনটি?
ক. –আও (করাও) খ. –আস (করাস)
গ. –আয় (করায়) ঘ. –আই (করাই) **উত্তর:ঘ**

০৭. নিচের কোনটি প্রযোজক ক্রিয়ার ভাবী অসমাপিকা ক্রিয়াবিভক্তি?
ক. –আনো (করানো) খ. –ইয়ে (করিয়ে)
গ. –আতে (করাতে) ঘ. –আলে (করালে) **উত্তর:গ**

## পরিচ্ছেদ-৩০: ক্রিয়ার কাল
(অনুশীলনী নবম-দশম বোর্ড ব্যাকরণ, পৃষ্ঠা-৮২)

০১. ক্রিয়া সংঘটনের সময়কে কী বলে?
ক. ক্রিয়ার মূল খ. ক্রিয়ার স্থান **উত্তর:গ**
গ. ক্রিয়ার কাল ঘ. ক্রিয়ার বিভক্তি

০২. ঘটমান বর্তমান কালের উদাহরণ কোনটি?
ক. আমি রোজ স্কুলে যাই খ. আমি স্কুলে যাচ্ছি **উত্তর:খ**
গ. আমি স্কুলে এসেছি ঘ. আমরা স্কুলে এসেছি

০৩. কোন কালে অনুজ্ঞা হয় না?
ক. বর্তমান কালে খ. ভবিষ্যৎ কালে **উত্তর:গ**
গ. অতীত কালে ঘ. ঘটমান ভবিষ্যৎ কালে

০৪. কাজটি চলছে এখনও শেষ হয়নি, এমন বোঝাতে কোন বর্তমান কাল ব্যবহৃত হয়?
ক. সাধারণ বর্তমান খ. ঘটমান বর্তমান
গ. পুরাঘটিত বর্তমান ঘ. অনুজ্ঞা বর্তমান **উত্তর:খ**

০৫. "আমার আশীর্বাদ নিয়ো"-বাক্যটি কোন কালের?
ক. সাধারণ বর্তমান খ. অনুজ্ঞা বর্তমান
গ. সাধারণ অতীত ঘ. নিত্য অতীত **উত্তর:খ**

০৬. আজ বিকেলে যদি সুমন আসত, মজা হতো-বাক্যটির ক্রিয়া অতীতের কিন্তু ঘটনা কোন কালের?
ক. সাধারণ বর্তমান খ. ঘটমান বর্তমান
গ. সাধারণ অতীত ঘ. সাধারণ ভবিষ্যৎ **উত্তর:ক**

## ষষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন পরীক্ষা ২০১০ (ব্যাকরণ অংশ)

১. **কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে?**
ক. অসমিয়া খ. হিন্দি
গ. বঙ্গকামরূপী ঘ. সংস্কৃত **উত্তর:গ**

২. **ভাষার কোন রীতি পরিবর্তনশীল–**
ক. সাধুরীতি খ. চলিত রীতি
গ. কথ্যরীতি ঘ. লেখ্যরীতি **উত্তর:খ**

৩. **'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
ক. রদনী খ. নদীকান্ত
গ. কলত্র ঘ. আপ্লব **উত্তর:খ**

৪. **কোন বাক্যটি শুদ্ধ?**
ক. তিনি স্বস্ত্রীক বেড়াতে গেছেন খ. বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেয়
গ. আমরা আর বাঁচিবার স্বাদ নাই ঘ. কোন বাক্যই শুদ্ধ নয় **উত্তর:ঘ**

৫. **দুটি পদের সংযোগস্থলে কী বসে?**
ক. ড্যাশ খ. হাইফেন
গ. কোলন ঘ. কোলন ড্যাশ **উত্তর:খ**

৬. **'অম্বু' শব্দের অর্থ কী?**
ক. আগুন খ. নদী
গ. সূর্য ঘ. জল **উত্তর:ঘ**

৭. **লেখার সময় বিশ্রামের জন্য আমরা যে চিহ্নগুলো ব্যবহার করে থাকি সেগুলোকে কী বলে?**
ক. বিশ্রাম চিহ্ন খ. বিরাম চিহ্ন
গ. বিভাজন চিহ্ন ঘ. সাংস্কৃতিক চিহ্ন **উত্তর:খ**

৮. **'মনমাঝি' -এর সঠিক ব্যাসবাক্য কোনটি?**
ক. মন ও মাঝি খ. মন মাঝির ন্যায়
গ. মন রূপ মাঝি ঘ. মন যে মাঝি **উত্তর:গ**

৯. **বিরাম চিহ্ন কেন ব্যবহৃত হয়?**
ক. বাক্যসংকোচনের জন্য
খ. বাক্যের অর্থ স্পষ্টীকরণের জন্য
গ. বাক্যের সৌন্দর্যের জন্য
ঘ. বাক্যকে অলংকৃত করার জন্য **উত্তর:খ**

১০. **ব্যাখ্যার মাধ্যমে ভাবকে সহজ করে তোলার নামই হচ্ছে–**
ক. সারাংশ খ. অনুবাদ
গ. ভাবসম্প্রসারণ ঘ. বাগধারা **উত্তর:গ**

১১. **কোন বাগধারাটির অর্থ 'চির অশান্তি'?**
ক. কুল কাঠের আগুন খ. তুষের আগুন
গ. রাবণের চিতা ঘ. কলির সন্ধ্যা **উত্তর:গ**

১২. **'ফপর দালালি' –এ বাগধারাটির সঠিক অর্থ কোনটি?**
ক. ঠোঁটকাটা খ. কাণ্ডজ্ঞানহীন **উত্তর:গ**
গ. গায়ে পড়ে মাতব্বরী ঘ. ধনের অহংকার

১৩. **শুদ্ধ বানান কোনটি?**
ক. দীনতা খ. দৈন্যতা
গ. দীন্যতা ঘ. দিনতা **উত্তর:ক**

১৪. **সমাসের রীতি কোন ভাষা থেকে আগত?**
ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. ইংরেজি **উত্তর:গ**

১৫. **'পর্বত' শব্দের সমার্থক নয় কোনটি?**
ক. অচল খ. ভূধর
গ. অদ্রি ঘ. উপল **উত্তর:ঘ**

১৬. **"বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে" –এ উক্তিটির প্রকৃত তাৎপর্য হচ্ছে–**
ক. বনের পশু বনে থাকতেই ভালোবাসে
খ. প্রকৃতির রূপ সৌন্দর্য আদি ও অকৃত্রিম
গ. আদিবাসী মানুষ অরণ্য জনপদের বাস করে
ঘ. জীবমাত্রই স্বাভাবিক অবস্থানে সুন্দর **উত্তর:ঘ**

১৭. **'ইঁদুর কপালে' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত হয়?**
ক. মন্দবাক্য খ. মন্দ ভাগ্য
গ. হাস্যকর চেহারা ঘ. ইঁদুরাকৃতি কপাল **উত্তর:খ**

১৮. **"বৈরাগ্য সাধনে – সে আমার নয়" শূন্যস্থান পূরণ করুন।**
ক. মুক্তি খ. আনন্দ
গ. বিশ্বাস ঘ. আশ্বাস **উত্তর:ক**

১৯. **কোন বাক্যটি শুদ্ধ?**
ক. আমি সন্তোষ হলাম খ. আমি সন্তোষ্ট হইলাম
গ. আমি সন্তুষ্ট হলাম ঘ. আমি সন্তস্ট হলাম **উত্তর:গ**

২০. **বাংলা ভাষার মাত্রাহীন বর্ণ কয়টি?**
ক. ৭টি খ. ৮টি
গ. ৯টি ঘ. ১০টি **উত্তর:ঘ**

২১. **সমাস শব্দের অর্থ কী?**
ক. বিশ্লেষণ খ. সংক্ষেপণ
গ. সংযোজন ঘ. সংশ্লেষণ **উত্তর:খ**

২২. **'গায়ে হলুদ' কোন সমাসের উদাহরণ?**
ক. তৎপুরুষ সমাস খ. কর্মধারয় সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. দ্বন্দ্ব সমাস **উত্তর:গ**

২৩. **কোনটি উপপদ তৎপুরুষ সমাসের উদাহরণ?**
ক. প্রতিবাদ খ. বিলাত ফেরত
গ. উপগ্রহ ঘ. ছেলেধরা **উত্তর:ঘ**

২৪. **'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
ক. সুধাংশু খ. বিধু
গ. পন্নগ ঘ. আদিত্য **উত্তর:ঘ**

২৫. **কোনটি শুদ্ধ বানান?**
ক. শকট খ. শকেট
গ. সকোট ঘ. সকট **উত্তর:ক**

**বি.দ্র:** প্রথম থেকে পঞ্চম বেসরকারি প্রভাষক নিবন্ধন পরীক্ষা শুধু লিখিত ছিলো।